



GOVERNMENT OF WEST BENGAL  
RANI INDIRA DEBI GOVERNMENT GIRLS' COLLEGE

[Erstwhile JHARGRAM RAJ COLLEGE (GIRLS' WING)]

P.O. - Jhargram :: Dist-Jhargram :: PIN-721507

Website: www.ridggc.ac.in :: Email: principal.ridggc@gmail.com :: 7679678136

## Notice

Date: 17.06.2026

এতদ্বারা সকল ছাত্রী, অধ্যাপক মন্ডলী ও অফিস-সহায়কদের জানানো যাইতেছে যে আগামী ২০শে জুন, ২০২৬ (শনিবার), সকাল ১১:৩০ টা থেকে আমাদের মহাবিদ্যালয় প্রাঙ্গণে 'পশ্চিমবঙ্গ দিবস' উদযাপিত হতে চলেছে। এই উপলক্ষ্যে ঐদিন এই মহাবিদ্যালয়ে পোস্টার প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, প্রবন্ধ প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

কুইজ প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গের ইতিহাস, ভূগোল, ধর্ম, সমাজনীতি, সংস্কৃতি, বঙ্গভঙ্গ, দেশভাগ, উদ্বাস্তু সমস্যাগুলির মতো বিষয়কে প্রাধান্য দেওয়া হবে। পশ্চিমবঙ্গকে কেন্দ্র করে যাবতীয় প্রশ্নাবলী থাকবে।


পোস্টার প্রতিযোগিতার দুটি বিষয় : ১. তোমার চোখে পশ্চিমবঙ্গ; ২. বাংলার মুখ আমি দেখি। যে কোনো একটি বিষয়ের ওপর পোস্টার ঐক্যে পোস্টার প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে। পোস্টার বাড়ি থেকে ঐক্যে নিয়ে আসতে হবে। আর্ট পেপারের এক-চতুর্থাংশে পোস্টার তৈরী করতে হবে। পোস্টার তৈরীর ক্ষেত্রে ক্যানভাস পেপার, কার্টাজ পেপার এবং যে কোনো ধরনের রং ব্যবহার করা যাবে।

অনুরূপভাবে প্রবন্ধ প্রতিযোগিতার তিনটি বিষয়: ১. একবিংশ শতাব্দীতে বঙ্গীয় নবজাগরণের উত্তরাধিকার ও প্রাসঙ্গিকতা ২. বাংলার অস্তিত্ব ও ভূখণ্ড সংরক্ষণে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের

অবদান ৩.বাংলা শিল্প-সাহিত্যের জগতে বঙ্গভঙ্গ, সাম্প্রদায়িক দাঙ্গা ও উদ্বাস্তু সমস্যার প্রভাব।  
যে কোনো একটি বিষয়ের ওপর প্রবন্ধ লিখে প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।  
প্রবন্ধের শব্দসীমা ১০০০-১৫০০, সময়সীমা ১ ঘন্টা।

বিতর্ক প্রতিযোগিতার ক্ষেত্রেও তিনটি বিষয় ধার্য করা হয়েছে। ১. ১৯৪৭ সালের দেশভাগ ও  
বঙ্গভঙ্গ বাঙালী-জীবনে সদর্খক ভূমিকা পালন করেছে - পক্ষে/ বিপক্ষে। ২. দেশভাগ পরবর্তী  
সাম্প্রদায়িক দাঙ্গা ছিল একটি অনিবার্য ঐতিহাসিক ঘটনা - পক্ষে/বিপক্ষে ৩. স্বাধীনতার  
আটাত্তর বছর পরেও প্রতিবেশী রাষ্ট্র থেকে অবৈধ অনুপ্রবেশ রাজনৈতিক মদতপুষ্ট-  
পক্ষে/বিপক্ষে। যে কোনো একটি বিষয় নির্বাচন করে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করা  
যাবে। বক্তব্যের সময়সীমা ৪ মিনিট।

প্রত্যেকটি বিভাগ থেকে প্রতিটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অন্ততঃপক্ষে ৫ জন  
ছাত্রীর নাম নথিবদ্ধ করার জন্য আবেদন জানানো হচ্ছে। ঐদিন প্রত্যেক ছাত্রীর উপস্থিতি  
আবশ্যিক। প্রতিযোগিতায় অংশগ্রহণ না করলেও সমগ্র অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করে  
তোলার জন্য প্রত্যেক ছাত্রীকে ঐদিন মহাবিদ্যালয় প্রাঙ্গনে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া  
হচ্ছে।



**Principal**

Rani Indira Debi Government Girls' College

*Amrita Chakraborty*

**Convenor, Cultural Sub-Committee**

Rani Indira Debi Government Girls' College